# ২০২৩
# বাংলা
## (অনার্স)
### (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
### দ্বিতীয় সেমেস্টার
### কোর্স কোড : BNG-H-CC-T-4
### (অলঙ্কার, শাক্ত পদাবলী, অন্নদামঙ্গল)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) অর্থালঙ্কারের সংজ্ঞা দাও এবং শ্রেণীবিভাগ করো।

খ) যমক অলংকার-এর উদাহরণসহ সংজ্ঞা লেখো।

গ) রূপক অলংকার কাকে বলে? উদাহরণ দাও।

ঘ) 'গিরি, এবার আমার উমা এলে'

— পদকর্তা কে? কোন্ পর্যায়ের পদ?

ঙ) 'ও পদ-পঙ্কজ লাগি শঙ্কর হৈয়েছে যোগী গো।'

— কার পদ-পঙ্কজের জন্য শঙ্কর যোগী হয়েছেন? সেই পদ-পঙ্কজকে শঙ্কর কোথায় স্থান দিয়েছেন?

[পরের পাতায়]

চ) তোমাদের পাঠ্য 'বিজয়া' পর্যায়ের একটি পদের উল্লেখ করো। পদটির পদকর্তা কে?

ছ) শাক্তপদাবলী কটি ভাগে বিভক্ত ও কী কী?

জ) 'কলুর চোখ-ঢাকা বলদের মতো?'

— 'চোখ ঢাকা বলদ' কাকে বলেছেন, কেন বলেছেন?

ঝ) বক্রোক্তি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা দাও।

ঞ) "গুরু গুরু মেঘ গুমরি গুমরি

গরজে গগনে গগনে"

— কোন্ অলংকার বুঝিয়ে দাও।

ট) 'অন্নদামঙ্গল' কাব্য কত খ্রীষ্টাব্দে রচিত হয়? কাব্যটি কটি খণ্ডে বিভক্ত ও কী কী?

ঠ) অন্নপূর্ণা পূজার দিন উল্লেখ করো।

ড) পীঠমালার অর্থ কী? কয়েকটি মহাপীঠের নাম লেখো।

ঢ) "কোথা হৈতে বুড়া এক ডোক্‌রা বামন

প্রণাম করিল মোরে এ কি অলক্ষণ"

— বক্তা কে? 'ডোক্‌রা বামন' কে?

ণ) ব্যাস কেন নতুন কাশী নির্মাণ করতে চেয়েছিলেন?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ

মরণে তাহাই তুমি করে গেলে দান।'

— অলংকার নির্ণয় করো।

খ) 'বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগিণীর বীণ।'

— অলংকার নির্ণয় করো।



গ) দাশরথি রায়ের কোন্ পদটি তোমাদের পাঠ্য? পাঠ্য পদটির তাৎপর্য বিশ্লেষণ করো।

ঘ) 'শুকনো তরু মুঞ্জরে না'

— পদটির পদকর্তা কে? পদটির তাৎপর্য ব্যাখ্যা করো।

ঙ) 'বসুন্ধরের মর্ত্যলোকে জন্মগ্রহণ' বৃত্তান্তটি সংক্ষেপে বিবৃত করো।

চ) 'শিবের বিবাহযাত্রা' অংশের সংক্ষিপ্ত বিবরণ দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) উৎপ্রেক্ষা অলংকারের সংজ্ঞা দাও। শ্রেণীবিভাগসহ প্রত্যেক বিভাগের উদাহরণ সহযোগে আলোচনা করো।

খ) প্রাচীন মঙ্গলকাব্যের ধারায় রচিত হলেও ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যকে আধুনিক বলবার কারণগুলি বিশ্লেষণ করে দেখাও।

গ) 'অন্নদামঙ্গল' কাব্যে মানবচরিত্রগুলি অঙ্কনে কবি ভারতচন্দ্র কতটা কৃতিত্ব দেখিয়েছেন, তার বিস্তৃত বিবরণ দাও।

ঘ) রামপ্রসাদ সেন-এর পাঠ্য শাক্তপদ অবলম্বনে তাঁর কৃতিত্ব বিচার করো।

———